তারিখ 30 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# সার্কের অস্তিত্ব প্রশ্নের মুখে : ঢাবি ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন,
দক্ষিণ এশিয়ায় শান্তির জন্য প্রতিষ্ঠিত শীর্ষ সংগঠন সার্কের অস্তিত্ব আজ প্রশ্নের
মুখে। এই দক্ষিণ এশীয় অঞ্চল ঐতিহ্যগতভাবে শান্তির অঞ্চলে রূপান্তরিত হওয়ার
কথা, শান্তির বাণী প্রচারিত হওয়ার কথা। শান্তির পথ থেকে এই অঞ্চল অশান্তি ও
অধর্মের পথে চলে গেছে। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার
আর্টস অডিটোরিয়ামে 'গৌড়ীয় নৃত্যে বৌদ্ধ যুগের প্রভাব' শীর্ষক এক সেমিনারে
সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাবি 'সেন্টার ফর বুদ্ধিস্ট হেরিটেজ
অ্যান্ড কালচার'-এ সেমিনারের আয়োজন করা হয়।
ভিসি বলেন, অপসংস্কৃতির কারণে আজ আমরা শান্তি থেকে সরে গেছি।
সাংস্কৃতিক ঐতিহ্য জানার মাধ্যমেই শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব বলে মনে করেন
তিনি। তিনি বলেন, নৃত্য, সংগীত ও সংস্কৃতির হাজার বছরের ইতিহাস জানা
আবশ্যক। ইতিহাসের দিনক্ষণ ঘটনাবলি শুধু নয়, শুধু নৃত্য শেখানোও নয়, সঙ্গে
সঙ্গে সংস্কৃতির ইতিহাসও চর্চা করতে হবে। সংস্কৃতি ও ঐতিহ্যের ইতিহাস
সহযোগে মানবিক মূল্যবোধসম্পন্ন সুনাগরিক গড়ে তুলতে নৃত্যকলা ও সংগীত
চর্চার মাধ্যমে কাজ করার আহ্বান জানান ভিসি।
সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন 'সেন্টার ফর বুদ্ধিস্ট হেরিটেজ অ্যান্ড কালচার'-
এর পরিচালক অধ্যাপক ড. বেলু রানী বড়ুয়া। এতে বিশেষ অতিথি ছিলেন কলা
অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. বেগম আকতার কামাল। মূল প্রবন্ধ
উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র চেয়ার অধ্যাপক ড. মহুয়া
মুখোপাধ্যায়। প্রবন্ধের ওপর আলোচনা করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের
নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ড. সোমা মমতাজ। এ সময়
আরও উপস্থিত ছিলেন পালি অ্যান্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড.
সুকোমল বড়ুয়া, অধ্যাপক ড. সুমঙ্গল বড়ুয়া, অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়া,
ইন্দিরাগান্ধী কালচারাল সেন্টারের পরিচালক জয়শ্রী কুণ্ডু প্রমুখ।